

## ফিলিপাইনে আজ আরেকটি টাইফুন আঘাত হানার আশঙ্কায় বাড়ীঘর ছেড়ে যাচ্ছে হাজার হাজার মানুষ

### ইনকিলাব ডেস্ক

ফিলিপাইনে আজ (শনিবার) নতুন করে টাইফুন পারমা আঘাত করার আশঙ্কায় সেখানকার হাজার হাজার মানুষকে অন্যত্র সরিয়ে নেয়া হচ্ছে। আবারো একটি শক্তিশালী টাইফুন আঘাত হানার আশঙ্কা দেখা দেয়ায় মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। আবহাওয়া অফিস জানিয়েছে, পারমা ঘনীভূত হয়ে ফিলিপাইনের দিকে এগিয়ে আসছে। এই ঝড়ের গতিবেগ হবে ঘণ্টায় ১২০ থেকে ১৪০ কিমি। এর প্রভাবে ইতোমধ্যেই ফিলিপাইনে ব্যাপক ঝড়-বৃষ্টি শুরু হয়েছে। ঝড়ের গতিবেগে কোন ধরনের পরিবর্তন না হলে আজ ফিলিপাইনের উত্তরাঞ্চলে এটি আঘাত হানতে পারে। পারমা আঘাত হানলে দেশটি আবারো একটি বড় ধরনের দুর্ভোগের সম্মুখীন হবে। চলতি সপ্তাহে গ্রীষ্মমণ্ডলীয় ঝড় কেটসানায় প্রাণহানির সংখ্যা ৪শ' ছাড়িয়ে গেছে। খবর এএফপি।

সিভিল ডিফেন্স কার্যালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, এই ঝড়ের ফলে সৃষ্ট চার দশকের মধ্যে সবচেয়ে প্রলয়ংকরী বন্যায় রাজধানী ম্যানিলা ও এর আশপাশ এলাকায় প্রায় ৩০ লাখের বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া ৪২ জন নিখোঁজ রয়েছে। তারা আরো জানান, ৪ লাখেরও বেশী মানুষ এখনো অস্থায়ী আশ্রয় শিবিরগুলোতে বসবাস করছে। এই কঠিন পরিস্থিতিতে আজ সুপার টাইফুন পারমার আঘাত হানার আশংকা করা হচ্ছে।